

সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩০২

১২. তালাক অধ্যায় (كتاب الطلاق)

পরিচ্ছেদঃ ১. তালাকের সুন্নাত পদ্ধতি

بَابُ السُّنَّةِ فِي الطَّلَاقِ

আরবী

أَخْبَرَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُوسَى أَخْبَرَنَا سُفْيَانُ عَنْ مُحَمَّدِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ قَالَ سَمِعْتُ
سَالِمًا يَذْكُرُ عَنْ ابْنِ عُمَرَ أَنَّ عُمَرَ قَالَ لِلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حِينَ طَلَّقَ ابْنُ عُمَرَ
امْرَأَتَهُ فَقَالَ مُرَّهُ فَلْيُرَاجِعْهَا ثُمَّ لِيُطَلِّقَهَا وَهِيَ طَاهِرَةٌ قَالَ أَبُو مُحَمَّدٍ رَوَاهُ ابْنُ الْمُبَارَكِ
وَوَكَيْعٌ أَوْ حَامِلٌ

বাংলা

২৩০২. ইবনু উমার রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, যখন ইবনু উমার রাদিয়াল্লাহু আনহু তার স্ত্রীকে তালাক দিলেন, তখন উমার রাদিয়াল্লাহু আনহু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞেস করলেন। তখন তিনি বললেন: “তাকে নির্দেশ দাও যে, সে যেন তার স্ত্রীকে ফিরিয়ে নেয় এবং অতঃপর সে যেন সেই মহিলার পবিত্রাবস্থায় তাকে তালাক দেয়।”[1] আবু মুহাম্মদ বলেন, ইবনুল মুবারাক ও ওয়াকী’ (রহঃ) (এর সাথে অতিরিক্ত) বর্ণনা করেছেন: “অথবা, গর্ভবতী অবস্থায়।”[2]

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ সহীহ।

তাখরীজ: আগের ও পরের টীকা দু’টি দেখুন।

[2] আর ওয়াকী’র হাদীসটি বর্ণনা করেছেন মুসলিম, তালাক ১৪৭১ (৫); আবু ইয়াল্লা, আল মুসনাদ নং ৫৪৪০।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=82585>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন